**পরিশিষ্ট-খ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(অফিস সহকারী),জাতীয় মহিলা সংস্থা,ভেড়ামারা উপজেলা শাখা, কুষ্টিয়া
এবং
নির্বাহী পরিচালক,জাতীয় মহিলা সংস্থা, প্রধান কাযালয়, ঢাকা
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ – ৩০ জুন ২০২১

## <u>সূচিপত্র</u>


| | পৃষ্ঠা |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সাবিক চিত্র | ৪ |
| চুক্তি স্বাক্ষর পত্র | ৫ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য,কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি | ৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭ |
| সেকশন ৩:কৌশলগত উদ্দেশ্য,কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমুহ | ৮ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | ৯ - ১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২: কর্‌মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১২ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

## উপক্রমণিকা(Preamble)

সরকারি দপ্তরসমুহে প্রাতিষ্ঠানিক দক্ষতা  বৃদ্ধি,স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষে

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(অফিস সহকারী),জাতীয় মহিলা সংস্থা,ভেড়ামারা উপজেলা শাখা, কুষ্টিয়া

এবং

নির্বাহী পরিচালক ,জাতীয় মহিলা সংস্থা , প্রধান কার্যালয়, ঢাকা এর মধ্যে ২০২০ সালের জুন মাসের ২৫ তারিখে এই বাষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমুহে সম্মত হলেন ;

**জাতীয় মহিলা সংস্থা, ভেড়ামারা উপজেলা শাখা এর কর্মসম্পাদনের সার্বিকচিত্র**

(Overview of the Performance of Jatiyo Mohila Sangstha, Bheramara Brance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমুহের (৩ বছর) প্রধান অর্জন সমুহঃ

বাংলাদেশের জনসংখ্যার এক বিশাল অংশ নারী। নারী উন্নয়ন তাই জাতীয় উন্নয়নের অন্যতম শর্ত। সমঅংশগ্রহণ ও সমঅংশিদারিত্ব নারীর সাংবিধানিক অধিকার ।জাতীয় উন্নয়ন ,দারিদ্র বিমোচন ও গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে নারী পুরূষের সমঅংশি দারিত্ব নিশ্চিত হওয়া জরূরী। জাতীয় মহিলা সংস্থা , নারীর অর্থনৈতিক উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি, দক্ষতা উন্ন য়ন ও অধিকার সংরক্ষণের মাধ্যমে না রী পুরূষের সমতা প্রতিষ্ঠা করার লক্ষে কাজ করে যাচ্ছে।

**বিগত ০৩(তিন) বছরের প্রধান প্রধান অর্জন সমুহঃ**

* দরিদ্র মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বাবদ ৭২ জন মহিলাকে ক্রমপুঞ্জিত ভাবে ১০,৬৫,০০০/- টাকা ঋণ বিতণ করা হয়েছে।
* সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণের আওতায় ২৭০ জন মহিলাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে ।
* নারী ও শিশুপাচার রোধ, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ কল্পে ৩৬টি উঠান বেঠকের মাধ্যমে ২৫২০ জন মহিলাকে সচেতন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জ সমুহঃ**

ভেড়ামারা উপজেলায় সংস্থার স্থায়ী অফিস ভবন ও পর্যাপ্ত আসবাবপত্র না থাকা, জনবলের বেতনভাতা বরাদ্দ নিয়মিত না পাওয়া , কর্মকর্তা ও কর্মচারীদের যুগোপযুগী প্রশিক্ষনের অভাব এবং সংস্থার আইন সংশোধন,পরিচালনা ব্যবস্থার আধুনিকীকরণ ইত্যাদি অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভেড়ামারা উপজেলার সংস্থার নিজস্ব কা র্যক্রম ও_এর প্রকল্প সমুহের কা র্যক্রম বাস্তবায়ন ও তদারকির জন্য নিজস্ব অফিস ভবন নির্মান, বাল্য বিবাহ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও দক্ষ জনশক্তিতে পরিণত করার লক্ষে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়সের পরিকল্পনা রয়েছে।

**২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমুহঃ**

* ৪০ জন মহিলাকে ৬,০০,০০০/-টাকা ঋণ প্রদান।
* ১২টি উঠান বৈঠকের মাধ্যমে ৮৪০ জন মহিলাকে নারী ও শিশু পাচার, যৌতুক ও বাল্য বিবাহ,মা ও শিশু স্বাস্থ্য,পরিবার পরিকল্পনা, নারী নীতি ইত্যাদি বিষয়ে সচেতন করা।
* ৯০ জন মহিলাকে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ দেওয়া।

আমি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(অফিস সহকারী),জাতীয় মহিলা সংস্থা,ভেড়ামারা উপজেলা শাখা, কুষ্টিয়ার মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসাবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  ধীন জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয় এর মাননীয় নির্বাহী পরিচালক  (অতিঃ সচিব)  মহোদয়ের নিকট অ ঙ্গীকার করছি যে ,  এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ।

আমি নির্বাহী পরিচালক(অতিঃ সচিব), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন  জাতীয় মহিলা সংস্থা , প্রধান কার্যালয়, ঢাকা  এর মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসাবে  অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব ।

স্বাক্ষরিত:

--------------------------------                                        ----------------------

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(অফিস সহকারী)                                        তারিখ
জাতীয় মহিলা সংস্থা,
ভেড়ামারা উপজেলা শাখা, কুষ্টিয়া ।

--------------------------------                                        ----------------------

নির্বাহী পরিচালক(অতিঃসচিব),                                        তারিখ
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,
জাতীয় মহিলা সংস্থা,
প্রধান কার্যালয়, ঢাকা ।

## সেকশন -১

জাতীয় মহিলা সংস্থা,রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Misson), কৌশলগত উদ্দেশ্যসমুহ (strategic Objectives), এবং কার্যাবলি (Function)

১.১ রূপকল্প (Vision): জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সরক্ষিত নারী ।

১.২ অভিলক্ষ্য (Misson): নারীর ক্ষমতায়ন,মানবাধিকার প্রতিষ্ঠা ও উন্নয়নের মুল ধারায় সম্পৃক্তকরণ ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমুহ (strategic Objectives):

১. সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের সমসুযোগ সৃষ্টি ও ক্ষমতায়ন,

২. নারী ও শিশুদের জন্য সামাজিক নিরাপত্তা ও ন্যায় বিচার প্রতিষ্ঠা,

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ:

১. দক্ষতার সাথে বাষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন,

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন,

৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন,

৪.তথ্য অধিকার বাস্তবায়নে সহযোগিতা প্রদান,

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন,

৬. সংস্থার মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন সমুহ যথাসময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ ।

১.৪ কার্যাবলি (Function):

১. জাতীয় জীবনের সকল ক্ষেত্রে মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষে কাজ করা,

২. মহিলাদের জন্য কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা,

৩.নারীর সামাজিক নিরাপত্তা জোরদারকরণে আর্থিক সুবিধা প্রদান,

৪. নারী উদ্যোক্তাদের ক্ষমতায়ন ও কর্মদক্ষতা বিকাশে সহায়তা করা,

৫. আধুনিক তথ্য প্রযুক্তিতে নারীর অংশগ্রহনের সুযোগ সৃষ্টি,

৬. মহিলাদের আইনগত অধিকার রক্ষার্থে সহায়তা ও কাউন্সিলিং করা,

৭. মহিলাদের স্বার্থে সংশ্লিষ্ট বিভিন্ন সম্মেলন, সেমিনার ও কর্মশালার ব্যবস্থা করা,

৮. জাতীয় শোক দিবস , মহান বিজয় দিবস , আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস , আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস , স্বাধীনতা দিবস, বিশ্ব মা দিবস , ব্রেষ্ট ক্যান্সার দিবস , বেগম রোকেয়া দিবস এবং সরকার ঘোষিত গুরুত্বপুর্ন দিবস উদযাপন ।

## সংযোজনী -১

## শব্দ সংক্ষেপ (Acronyms)